গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
সরকারী কার্য্য ভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.chittagongvat.gov.bd

পত্র নথি নং-৪র্থ/এ(১২)৭৭৩/মূসক/ভ্যাট দিবস-২০২০/সঃদঃ/২০২০ তারিখঃ /১১/২০২০ খ্রিঃ।

বিষয় ঃ ২৩/১১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মূসক দিবস ও মূসক সপ্তাহ, ২০২০ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ "সৈকত" কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৩/১১/২০২০ খ্রিঃ, সকাল ১০.০০ টা। |
| সভাপতি | ঃ | মোহাম্মদ আকবর হোসেন, কমিশনার(চঃদাঃ), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। |

আগামী ১০ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ জাতীয় ভ্যাট দিবস ও ১০-১৫ ডিসেম্বর ভ্যাট সপ্তাহ উদযাপনের লক্ষ্যে ২৩/১১/২০২০ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ **"সৈকত"** এ উপ-কমিটি প্রধানগণের সাথে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর কমিশনার মোহাম্মদ আকবর হোসেন। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং উপ-কমিটি প্রধানগণকে তাদের স্ব স্ব কমিটির কাজের অগ্রগতি তুলে ধরার অনুরোধ করেন।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় গত ১০/১১/২০২০খ্রিঃ তারিখে মূসক দিবস ও মূসক সপ্তাহ, ২০২০ উদযাপন উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে স্টিয়ারিং কমিটির সভায় যে সকল সিদ্ধান্ত গৃহীত হয়েছে সে বিষয়ে উপ-কমিটি প্রধানগণকে অবহিত করেন। উক্ত সিদ্ধান্তসমূহের আলোকে এ সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) ভ্যাট দিবস ২০২০ উপলক্ষে Zoom App এর মাধ্যমে আয়োজিত সেমিনার "আজিজা খানম অডিটোরিয়াম" এর পরিবর্তে সদর দপ্তরের "সৈকত" সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

খ) ৮/১০/২০২০খ্রিঃ তারিখের সভায় সেমিনারে ১০০ জন সদস্য সংযুক্ত করার গৃহীত সিদ্ধান্ত আংশিক পরিবর্তন করে ২৫০ জন করার সিদ্ধান্ত গৃহীত হয়। Zoom App এর মাধ্যমে আয়োজিত সেমিনারে অংশগ্রহণের জন্য চট্টগ্রামস্থ সকল দপ্তরের সহকারী কমিশনারের তদুর্দ্ধ পর্যায়ের কমকর্তাগকে আমন্ত্রণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপদেষ্টা কমিটির প্রধানগণকে Zoom App এর মাধ্যমে সেমিনারে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপ-কমিটির প্রধানগণ স্ব-শরীরে সেমিনারে উপস্থিত থাকবেন।

গ) সেমিনার উপলক্ষে সম্মেলন কক্ষ **"সৈকত"** এ মূসক দিবস ও মূসক সপ্তাহ, ২০২০ উদযাপন সংক্রান্ত একটি ব্যানার লাগাতে হবে।

ঘ) Zoom App এর Paid Version সরবরাহ ও তত্ত্বাবধানের জন্য The Institute of Cost and Management Accounts of Bangladesh (ICMAB) কে মনোনীত করা হয়।

ঙ) জনাব এ.কে.এম মাহবুবুর রহমান, মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম KeyNote Paper এর উপর বক্তব্য রাখবেন এবং উপস্থাপনের প্রস্তুতি হিসেবে Presentation এর খসড়া উপদেষ্টা কমিটির নিকট উপস্থাপন করার জন্য তাঁকে অনুরোধ করা হবে।

চ) জনাব শাহাদাত জামিল, উপ-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম Zoom App এর মাধ্যমে অনুষ্ঠিতব্য সেমিনার সঞ্চালনা করবেন ।

ছ) জনাব মোঃ শাহাজাহান মিয়া, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করবেন ।

জ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত সর্বোচ্চ করদাতা হিসেবে পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিগণই শুধু স্বশরীরে সেমিনারে উপস্থিত থাকবেন

ঝ) সেমিনারের ID ও Password উল্লেখপূর্বক আমন্ত্রণপত্রের একটি খসড়া প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য আমন্ত্রণ কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়।

ঞ) চট্টগ্রামস্থ বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, সিএন্ডএফ এসোসিয়েশন, দোকান-মালিক সমিতি, হকার্স সমিতির সভাপতি, সহ-সভাপতি ও সেক্রেটারীকে আমন্ত্রণ করতে হবে।

ট) সেমিনার শেষে আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমন্ত্রণ কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়।

ঠ) ভ্যাট বিষয়ক টক শোর আয়োজন করার জন্য বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র ও চ্যানেল-২৪, চট্টগ্রাম

মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম; কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম; ও কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম উপস্থিত থাকতে পারেন। প্রতিটি টক শো তে এফবিসিসিআই/ব্যবসায়ী সংগঠনসমূহের ০১জন করে প্রতিনিধি উপস্থিত থাকবেন এবং বিভাগীয় কর্মকর্তা, আগ্রাবাদ বিভাগ ও প্রচার প্রচারণা কমিটিকে সমন্বিতভাবে সার্বিক বিষয়টি সমন্বয় করার দায়িত্ব প্রদান করা হয়।

ঢ) সকল ধরনের আলোক-সজ্জা পরিহার করতে হবে।

ণ) প্রচার-প্রচারণা কমিটিকে ০৪টি লং ব্যানার, ১০০০টি স্টিকার ও ০১টি তোরণ প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

ত) প্রচার-প্রচারণা কমিটিকে ৩০০ টি এক্স-ব্যানার তৈরীপূর্বক বিভিন্ন দপ্তর াধীন হোটেলসমূহে স্থাপনের লক্ষ্যে ১০০টি এক্স-ব্যানার প্রেরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

থ) স্থানীয়ভাবে ১০জন সর্বোচ্চ করদাতাকে পুরস্কার প্রদানের গৃহীত সিদ্ধান্ত করোনা পরিস্থিতি ও বাজেটের সীমাবদ্ধতা বিবেচনায় বাতিল করা হয়। এছাড়া, বাজেটের অপ্রতুলতার কারণে গত ২৮/১০/২০২০খ্রিঃ তারিখের সভায় করদাতাদের কাস্টমস্ এর লোগো সম্বলিত উপহার সামগ্রী প্রদানের গৃহীত সিদ্ধান্ত বাতিল করা হয়। একই সাথে কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট এর লোগো সম্বলিত ৩০০টি টি-শার্ট তৈরী করার জন্য সুভ্যেনির কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়। প্রস্তুতকৃত টি-শার্ট রিক্সাচালকগণের মধ্যে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

দ) গঠিত সকল উপ-কমিটি প্রধানগণ তাঁদের উপর ন্যস্ত কার্যাবলির অগ্রগতি ও চূড়ান্ত বাজেটসহ আগামী ৩০/১১/২০২০খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায় অনুষ্ঠেয় সভায় অবহিত করবেন।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২০২০

(মোহাম্মদ আকবর হোসেন)
কমিশনার (চঃদাঃ)
টেলিফোন নং- ০৩১-২৫২৪০৩৭
ই-মেইলঃ ccevatctg@gmail.com

পত্র নথি নং-৪র্থ/এ(১২)৭৭৩/মূসক/ভ্যাট দিবস-২০২০/সঃদঃ/২০২০/ ৫৪৫৩ (১-৩০) তারিখঃ ২৬ /১১/২০২০ খ্রিঃ।

<u>অনুলিপিঃ</u> সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম
২. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৩. কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪. মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
৫. কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৬. অতিরিক্ত মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর,আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
৭. উপ-কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
৮. জনাব মোঃ কামরুজ্জামান, অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
৯. জনাব ম. সফিউজ্জামান, অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
১০. জনাব কাজী মুহম্মদ জিয়া উদ্দীন, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ট্রেনিং একাডেমী, সাগরিকা রোড, চট্টগ্রাম।
১১. জনাব মোহাম্মদ সেলিম শেখ, যুগ্ম-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
১২. জনাব সাইদ আহমেদ রুবেল, উপ-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
১৩. সহকারী কমিশনার (১ /২ ), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
১৪. বিভাগীয় কর্মকর্তা, কাস্টম্স, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ........................... চট্টগ্রাম।।
১৫. রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ), কাস্টম্স, এক্সাইজ ও ভ্যাট সার্কেল, .......................... চট্টগ্রাম।
১৬. সহকারী রাজস্ব কর্মকর্তা (সদর), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
১৭. পিএ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন)

<u>অনুলিপিঃ</u> সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৪/১১/২০২০
( এইচ এম কবির )
সহকারী কমিশনার